জনতা ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা।

এসএমই ডিপার্টমেন্ট
ফোন ঃ ২২৩৮৮৮১০, ৪৭১১৪৮৭২

নির্দেশ বিজ্ঞপ্তি -১২৪৯/২৪

তারিখ ঃ মাঘ ০৩,১৪৩০ / জানুয়ারি ১৭,২০২৪

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়: 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম' এর নাম পরিবর্তন এবং তহবিল বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৬ তারিখ ঃ ২৫.০৬.২০২৩ (সংলগ্নী-০৫) এর নির্দেশনা মোতাবেক অত্র ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১. বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর ০৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২, ০৭ মে ২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২(সংলগ্নী-০১) এবং ০৪ আগষ্ট ২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯ (সংলগ্নী-০২) এর প্রতি দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

২. বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে পরিচালিত 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম' (Small Enterprise Refinance Scheme) এর নাম পরিবর্তন করে 'নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম' (Small Enterprise Refinance Scheme for Women Entrepreneurs) হিসেবে নামকরণ এবং উক্ত তহবিলের পরিমাণ ১,৫০০ কোটি হতে বাড়িয়ে ৩,০০০ কোটি টাকায় উন্নীত করা হয়।

৩. এতদ্ব্যতীত, উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারসহ নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত ১৭ আগস্ট ২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৮(সংলগ্নী-০৩) এবং একই বিষয়ে ২০ জুন ২০২২ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ (সংলগ্নী-০৪) এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

(এস.এম. শরীফুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

(মোহাম্মদ আব্দুল মতিন)
মহাব্যবস্থাপক

সংলগ্নী-০৫

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৬

তারিখ: ১১ আষাঢ়, ১৪৩০ / ২৫ জুন, ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম' এর নাম পরিবর্তন এবং তহবিল বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

অত্র বিভাগের ০৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২, ০৭ মে ২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ এবং ০৪ আগস্ট ২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে পরিচালিত 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম'(Small Enterprise Refinance Scheme) এর নাম পরিবর্তন করে 'নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম' (Small Enterprise Refinance Scheme for Women Entrepreneurs) হিসেবে নামকরণ করা হলো এবং উক্ত তহবিলের পরিমাণ ১,৫০০ কোটি হতে বাড়িয়ে ৩,০০০ কোটি টাকায় উন্নীত করা হলো।

৩. এতদ্ব্যতীত, উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারসহ নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সংক্রান্ত ১৭ আগস্ট ২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৮ এবং একই বিষয়ে ২০ জুন ২০২২ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৪. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আশিকুর রহমান)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোন: ৯৫৩০৫০২

সংলগ্নী-০৪

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ আষাঢ় ০৬, ১৪২৯ / জুন ২০, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত
ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০৮, তারিখঃ ১৭/০৮/২০২১ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯, তারিখঃ ০৪/০৮/২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটার এর মাধ্যমে সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে উৎসাহ প্রদানের লক্ষ্যে যথাসময়ে ঋণ/বিনিয়োগ পরিশোধের জন্য ১% প্রণোদনা প্রদানসহ মাত্র ৫% সুদে ঋণ সুবিধা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কাঙ্ক্ষিত গ্রাহকগণকে অত্র প্রণোদনা স্কীমের আওতায় ঋণ সুবিধা প্রদানে যথাযথ ভূমিকা রাখতে সক্ষম হচ্ছে না। যার ফলে আগ্রহী ঋণগ্রহীতাগণ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত এ সুবিধা গ্রহণে বঞ্চিত হচ্ছেন। উল্লেখ্য, কিছু কিছু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বর্ণিত প্রণোদনার সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য গ্রাহক নির্ধারণে অসুবিধার সম্মুখীন হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংক-এর গোচরীভূত হয়েছে।

০৩। এক্ষণে, সূত্রোল্লিখিত সার্কুলারের আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহক চিহ্নিতকরণে সৃষ্ট জটিলতা/অসুবিধা দূরীকরণে এ মর্মে জানানো যাচ্ছে যে, এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর মাধ্যমে 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম' শিরোনামে যে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে তার আওতায় এখন থেকে শুধুমাত্র নারী উদ্যোক্তাগণই ঋণ সুবিধা ও বর্ণিত প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবেন। অত্র স্কীমের আওতায় ঋণগ্রহীতা পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫% এবং যথাযথভাবে ও নির্ধারিত সময়ে পরিশোধ/সমন্বয় করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে বর্ণিত গ্রাহকগণ ১(এক) শতাংশ হারে ইনসেনটিভ সুবিধা প্রাপ্ত হবেন। এতদ্ব্যতীত যথাযথভাবে ঋণ ব্যবস্থাপনা করার দায়িত্বপ্রাপ্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানও ১(এক) শতাংশ হারে প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবে।

০৪। এ স্কীমের আওতায় প্রণোদনার অর্থ প্রাপ্তির লক্ষ্যে সংযুক্ত "নমুনা ফর্ম" অনুযায়ী আবেদনপত্র দাখিল করতে হবে। এতদ্ব্যতীত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: ০২ (দুই)

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকের হোসেন)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোনঃ ৯৫৩০৫০২

সংযোজনী-ক-১

<u>নমুনা আবেদন পত্র</u>

সূত্র নম্বরঃ

তারিখঃ----------------

মহাব্যবস্থাপক
এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।

মহোদয়,

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এসএমইএসপিডি সার্কুলার নম্বর-৮/২০২১ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নম্বর ০২/২০২২ এর আওতায় সংশ্লিষ্ট সকল বিধিবিধান পরিপূর্ণভাবে পরিপালনপূর্বক সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তদেরকে ১ জুলাই, ২০২১ হতে অদ্যাবধি মোট -----(কথায়ঃ টাকা----) অর্থায়ন করা হয়েছে। উক্ত অর্থায়নের বিপরীতে দাবীকৃত প্রণোদনার বিস্তারিত বিবরণ নিম্নে উল্লেখ করা হলোঃ

ত্রৈমাসের নামঃ

ঋণ/বিনিয়োগের ধরণ	ঋণ বা বিনিয়োগের পরিমান/সীমা	আলোচ্য ঋণের বিপরীতে 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম' হতে গৃহীত পুনঃঅর্থায়নের পরিমান	মোট দাবীকৃত প্রণোদনার পরিমান	গ্রাহকের বিপরীতে দাবিকৃত প্রণোদনার পরিমান	মন্তব্য
মেয়াদী ঋণ					
চলমান ঋণ*					
মোট					

* চলমান ঋণের ক্ষেত্রে ফান্ডেড অংশের বিপরীতে প্রণোদনা হিসাবায়ন করা হয়েছে।

এমতাবস্থায়, সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে ----- ত্রৈমাসে মোট---- (কথায়ঃ টাকা----------------) প্রণোদনা সুবিধা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তঃ সংযোজনী ক-২

(---------------------------)
ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/বিদেশী ব্যাংক
এর ক্ষেত্রে বাংলাদেশ অপারেশনের প্রধান
ফোন নম্বরঃ
ই-মেইলঃ

সংযোজনী ক-২

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা দাবী সংক্রান্ত বিবরণী।

ব্যাংকের নামঃ

ত্রৈমাসের নামঃ

ক্রমিক	শাখার নাম ও ঠিকানা	নারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠানের ঠিকানা	প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নম্বর	নারী উদ্যোক্তার নাম	এনআইডি নং	মোবাইল নং	উদ্যোগের ধরণ (কুটির/মাইক্রো/ক্ষুদ্র/মাঝারি)	ঋণ/বিনিয়োগ হিসাব নং	ঋণ/বিনিয়োগ মঞ্জুরীর তারিখ	মঞ্জুরীকালীন ঋণ/বিয়োগের মেয়াদ	মঞ্জুরীকৃত মূলঋণ/বিয়োগের পরিমান	সুদ/মুনাফার হার	বিতরণকৃত মূলঋণ/বিয়োগের পরিমান	আদায়কৃত মূলঋণ/বিয়োগের পরিমান	ঋণ/বিনেয়োগ বিতরণের তারিখ	বিবেচনাধীন সময়ে অর্জিত সুদ/মুনাফার পরিমান	সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের বিপরীতে দাবীকৃত প্রণোদনার পরিমাণ		
																		ব্যাংকের অংশ (১%)	নারী উদ্যোক্তার অংশ (১%)	মোট (২%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১=(১৯+২০)
মোট পরিমান																				

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামঃ

পদবীঃ

অফিস ফোন নংঃ

মোবাইল ফোন নংঃ

ই-মেইলঃ

সংলগ্নী-০৬

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

Web: www.bb.org.bd
Fax: 88-02-9512991

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার নং-০৮

তারিখঃ ভাদ্র ০২, ১৪২৮ / আগস্ট ১৭, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।

দেশের টেকসই অর্থনৈতিক উন্নয়নে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (সিএমএসএমই) খাতের গুরুত্ব অপরিসীম। এ খাত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, সমতাভিত্তিক সমাজ গঠন এবং নারীর ক্ষমতায়নে বিশেষ ভূমিকা রাখে। তাই বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯ এর মাধ্যমে নারী উদ্যোক্তাগণকে অগ্রাধিকার প্রদানপূর্বক নারী উদ্যোগে ঋণ/বিনিয়োগের পরিমাণ বৃদ্ধির জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ২০২৪ সাল অন্তে তাদের সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% নারী উদ্যোগে বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারন করে দেয়া হয়। এতদ্ব্যতীত, নারী উদ্যোক্তাদের অধিকতর উৎসাহ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নানা প্রকার নীতি সহায়তা প্রদান করা হচ্ছে। তারই ধারাবাহিকতায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নারী উদ্যোক্তাদেরকে প্রদত্ত ঋণ/বিনিয়োগ যথাসময়ে সমন্বয়/আদায়/পরিশোধে উৎসাহিত করার লক্ষ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ও গ্রাহক পর্যায়ের প্রত্যেককে ১% হারে সর্বমোট ২% প্রণোদনা সুবিধা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো। বর্ণিত প্রণোদনা সুবিধা বাস্তবায়নে নিম্নে বর্ণিত নির্দেশনা/নীতিমালা অনুসরণীয় হবেঃ

১। **প্রণোদনার নামঃ** "সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে নগদ প্রণোদনা সুবিধা"।

২। **তহবিলের উৎস ঃ** বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল।

৩। **মেয়াদঃ** জুলাই ০১, ২০২১ তারিখ হতে ডিসেম্বর ৩১, ২০২৪ তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে এ সুবিধা প্রদান করা হবে।

৪। **প্রণোদনা প্রদানের হারঃ** বিতরণকৃত ঋণ যথাযথ ব্যবহারান্তে নির্ধারিত মেয়াদের মধ্যে সমন্বয়/আদায়/পরিশোধ হলে ব্যাংক ও গ্রাহক পর্যায়ের প্রত্যেককে মূলঋণের ১% হারে সর্বমোট ২% প্রণোদনা সুবিধা প্রদান করা হবে।

৫। **ঋণ/বিনিয়োগ বিতরণ ও আদায়ঃ**

ক) ঋণ/বিনিয়োগ মঞ্জুরী পত্রে প্রণোদনা সুবিধা প্রদান সংক্রান্ত বিষয়টির উল্লেখ থাকতে হবে।

খ) এ সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ গ্রহণকারীর ঋণ/বিনিয়োগ সংশ্লিষ্ট তথ্যাদির ডাটাবেইজ সংরক্ষণ করতে হবে।

গ) ঋণ/বিনিয়োগ বিতরণ ও সমন্বয়/আদায়/পরিশোধের ক্ষেত্রে সেপ্টেম্বর ০৫, ২০১৯ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-২ এ বর্ণিত নির্দেশনাবলী অনুসরণীয় হবে।

৬। **প্রণোদনা সুবিধা দাবী ও নিষ্পত্তি প্রক্রিয়া ঃ**

ক) এ সুবিধার আওতায় যেকোন ঋণ/বিনিয়োগ সম্পূর্ণ সমন্বয়/আদায়/পরিশোধ হওয়া সাপেক্ষে উক্ত ঋণ/বিনিয়োগসমূহের বিপরীতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রণোদনা দাবী করতে পারবে।

খ) প্রতি ত্রৈমাস শেষ হওয়ার পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে যে সকল ঋণ/বিনিয়োগ নির্ধারিত মেয়াদে সমন্বয়/আদায়/পরিশোধ হয়েছে তার বিপরীতে মহাব্যবস্থাপক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর নিকট প্রণোদনার জন্য আবেদন দাখিল করতে হবে। উক্ত আবেদন পত্রের সাথে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ছকে(সংযোজনী-১) ত্রৈমাসিক ভিত্তিতে প্রণোদনার হিসাবায়ন সংযুক্ত করতে হবে।

গ) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও সংশ্লিষ্ট তথ্যাদি এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক যথাযথভাবে যাচাইপূর্বক প্রণোদনা বাবদ প্রাপ্য অর্থ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চলতি হিসাবে জমা করা হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে পত্র মারফত অবহিত করা হবে।

ঘ) প্রণোদনার অর্থ বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্তির ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট নারী উদ্যোক্তার প্রাপ্য অংশ গ্রাহকের নামে রক্ষিত ব্যাংক হিসাবে/অনুকূলে প্রদান করবে। তবে, এ অর্থ দ্বারা কোন ঋণ হিসাব সমন্বয়/পরিশোধ করা যাবে না।

ঙ) ক্ষেত্রবিশেষে দৈবচয়ন ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক যে কোন সময় পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে পারবে। পরিদর্শনকালে কোন অনিয়ম উদঘাটিত হলে সে বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ'ল।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২

সংযোজনী-১

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা দাবী সংক্রান্ত বিবরণী।

ব্যাংকের নামঃ

ত্রৈমাসের নামঃ

ক্রমিক	শাখার নাম ও ঠিকানা	নারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠানের ঠিকানা	প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নম্বর	নারী উদ্যোক্তার নাম	এনআইডি নং	মোবাইল নং	উদ্যোগের ধরণ (কুটির/মাইক্রো/ক্ষুদ্র/মাঝারি)	ঋণ/বিনিয়োগ হিসাব নং	ঋণ/বিনিয়োগ মঞ্জুরীর তারিখ	মঞ্জুরীকালীন ঋণ/বিয়োগের মেয়াদ	মঞ্জুরীকৃত মূলঋণ/বিয়োগের পরিমান	সুদ/মুনাফার হার	বিতরণকৃত মূলঋণ/বিয়োগের পরিমান	আদায়কৃত মূলঋণ/বিয়োগের পরিমান	ঋণ/বিনেয়োগ বিতরণের তারিখ	বিবেচনাধীন সময়ে অর্জিত সুদ/মুনাফার পরিমান	সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের বিপরীতে দাবীকৃত প্রণোদনার পরিমাণ		
																		ব্যাংকের অংশ (১%)	নারী উদ্যোক্তার অংশ (১%)	মোট (২%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১=(১৯+২০)
মোট পরিমান																				

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামঃ

পদবীঃ

অফিস ফোন নংঃ

মোবাইল ফোন নংঃ

ই-মেইলঃ

সংলগ্নী-০২

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯

তারিখঃ শ্রাবণ ২০ , ১৪২৮
আগস্ট ০৪, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগ সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন কাঙ্খিত মাত্রায় উন্নীতকরণ প্রসঙ্গে।

অত্র বিভাগ কর্তৃক জারিকৃত সেপ্টেম্বর ০৫, ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-২ এবং মে ০৭, ২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯ এর ৩ নং অনুচ্ছেদের নির্দেশনানুযায়ী ২০২৪ সাল অন্তে সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% (পনের শতাংশ) নারী উদ্যোক্তাদেরকে বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারন করে দেয়া হয়। একই সার্কুলারের ১১.২ নং অনুচ্ছেদ অনুযায়ী নারী উদ্যোক্তাগণকে "স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম" এর আওতায় অগ্রাধিকার ভিত্তিতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়। পরবর্তীতে, করোনা মহামারির কারণে নারী উদ্যোক্তাদের অনুকূলে ঋণ/বিনিয়োগ সুবিধা সহজীকরণে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২/২০২০ এর ০২(খ) এর মাধ্যমে "স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম" এর আওতায় সুদ/মুনাফার হার ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ৩% (তিন শতাংশ) এবং গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ৭% (সাত শতাংশ) পুনঃনির্ধারণ করা হয়।

০৩। নারী উদ্যোক্তা পর্যায়ে প্রদেয় ঋণ/বিনিয়োগের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ২০২৪ সাল অন্তে ১৫% এ উন্নীত করার লক্ষ্যে "স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম" বাস্তবায়নে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে ঃ

ক) শুধুমাত্র নারী উদ্যোক্তাগণকে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে এ পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা; এবং

খ) এ স্কীমের আওতায় পুনঃঅর্থায়নের সুদ/মুনাফার হার ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ০.৫% (শুন্য দশমিক পাঁচ শতাংশ) এবং গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ৫% (পাঁচ শতাংশ) নির্ধারণ করা।

০৪। এতদ্ব্যতীত উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২

সংলগ্নী-০১

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্
ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ ২৪ বৈশাখ, ১৪২৭
০৭ মে, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

"স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম", "কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম", এবং "নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল" অধিকতর কার্যকর করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ০৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতের পুনরুজ্জীবন প্রক্রিয়া আরও গতিশীল এবং টেকসই করতে চলতি মূলধন এর পাশাপাশি মেয়াদি ঋণ/বিনিয়োগের যথাযথ প্রবাহ নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে পরিচালিত নিম্নোক্ত ৩ (তিন) টি পুনঃঅর্থায়ন তহবিলের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

ক) "স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম", "কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম" এবং "নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল" এর আকার বৃদ্ধি করে যথাক্রমে ১,৫০০ কোটি, ১৪০০ কোটি, এবং ১০০ কোটি টাকায় উন্নীত করণ;

খ) উক্ত তহবিল তিনটির আওতায় সুদের হার ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ০৩ (তিন) শতাংশ এবং গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ০৭ (সাত) শতাংশ এ পুনঃনির্ধারণ; এবং

গ) এসকল তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ন্যূনতম যোগ্যতা বিষয়ে সার্কুলার ০২/ ২০১৯ এর অনুচ্ছেদ ১১.৫ (জ) এর ১ ও ২ নং শর্তাবলীসমূহ রাষ্ট্রায়ত্ত ব্যাংক/বিশেষায়িত ব্যাংকসমূহের জন্য প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত, একই অনুচ্ছেদ (১১.৫(জ)) এর ৫ নং শর্ত শিথিল করে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের ব্যবসায়িক অভিজ্ঞতা ন্যূনতম ০৩ (তিন) বছর করা হয়েছে।

এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(লীলা রশিদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২